

নং ৪৫,১৪৪.০২৭.০০.০০.০০১.২০১২ - ৫২৬

তারিখঃ ৭-৬-২০১২


বিষয়ঃ ডাঃ শামীমা আফরোজ (কোড নং ১২১৮২১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম-এর চাকুরি কেন  
অবসান ঘটানো হবে না মর্মে কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ শামীমা আফরোজ (কোড নং ১২১৮২১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম  
স্বাস্থ্য অধিদপ্তরের ১ম শ্রেণীর (নন-ক্যাডার মেডিকেল) কর্মকর্তা নিয়োগ বিধিমালা ২০১০-এর আওতায় মেডিকেল অফিসার হিসেবে  
০১-০৭-২০১০ তারিখে যোগদান করেন এবং ঐ দিনই থেকেই বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু আপনি নিয়োগের শর্তে বর্ণিত ২ (দুই) বছর শিক্ষানবিসকাল শেষ না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং তাতে  
আপনার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শৃঙ্খলা পরিপন্থি এবং এ কারণে আপনি সরকারি চাকুরিতে বহাল  
থাকার অনুপযোগী বিবেচিত হওয়ায় নিয়োগ পত্রের শর্ত মোতাবেক আপনার চাকুরি অবসানযোগ্য; এবং

এছাড়া, সেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ১ম শ্রেণীর (নন-ক্যাডার মেডিকেল) কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১০-এর ৫(৩) (খ)  
মোটাবেক কেন আপনার চাকুরির অবসান ঘটানো হবে না এ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপর  
স্বাক্ষর দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান  
করা হলো। আপনার নিকট থেকে কোন জবাব পাওয়া না গেলে বা জবাব সন্তোষজনক না হলে ২ নং অনুচ্ছেদের আলোকে ব্যবস্থা নেয়া  
হবে।



(মুহম্মদ হুমায়ুন কবির)  
সিনিয়র সচিব


ডাঃ শামীমা আফরোজ  
সহকারী সার্জন  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

নং ৪৫,১৪৪.০২৭.০০.০০.০০১.২০১২ - ৫২৬/৩(৭)

তারিখঃ ৭-০৬-২০১২

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিমুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক  
মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (৩খণ্ডটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পরিচালক (স্বাস্থ্য) রংপুর বিভাগ, রংপুর।
- ৪। সিভিল সার্জন, কুড়িগ্রাম। (অভিমুক্ত কর্মকর্তাকে তার স্থায়ী ঠিকানায় পাওয়া না গেলে নোটিশটি লটকায়ে জারিপূর্বক জারীর  
প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা  
হলো)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পরিবার কল্যাণ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৭। মুখ্য-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(মোহম্মদ হুমায়ুন কবির)  
উপসচিব  
পার-৩ অধিশাখা